দামুড়হুদা প্রেস ক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন সম্পন্ন

গতকাল শুক্রবার দামুড়হুদা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন কঠোর পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে সম্পন্ন হয়েছে। সাংবাদিকদের মূল্যবান ভোটধিকার প্রয়োগের মাধ্যমে সাংবাদিক সমাজ তাদের নতুন নেতৃত্ব নির্বাচিত করেছেন।

এ নির্বাচনকে ঘিরে জেলা ও উপজেলার উৎসুক সাংবাদিকদের পদচারণায় মুখরিত হয়েছে দামুড়হুদা প্রেস ক্লাব অঙ্গণ। চলেছে পছন্দের প্রার্থীদের বিজয়ী করতে সরব প্রচার প্রচারণা। সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে গতকাল শুক্রবার দামুড়হুদা প্রেস ক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে এবং ফলাফল ঘোষণা করা হয়ছে।

শুক্রবার বিকাল ৩টা থেকে ৫টা পর্যন্ত দামুড়হুদা প্রেস ক্লাবের অস্থায়ী কার্যালয়ে বিরতিহীন ভাবে একটানা ভোট গ্রহণ চলেছে।

সভাপতি পদে বিজয়ী হয়েছেন এম নুরুন্নবী, সি: সহ-সভাপতি পদে বিজয়ী হয়েছেন মোজাম্মেল শিশির, সহ-সভাপতি পদে বিজয়ী হয়েছেন শরিফ উদ্দিন, সাধারণ সম্পাদক পদে বিজয়ী হয়েছেন বখতিয়ার হোসেন বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন মোঃ হাবিবুর রহমান হাবিব, সহ-সাধারণ সম্পাদক শরীফ রতন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, অর্থ সম্পাদক সমশের আলী, দপ্তর সম্পাদক আঃলতিফ, তথ্য ও প্রযুক্তি সম্পাদক সাজিদ হোসেন সোহাগ, ক্রীয়া সম্পাদক বিল্লাল হোসেন, প্রচার ও প্রকাশনী সম্পাদক সালেকিন মিয়া সাগর, নির্বাহী সদস্য আহাদ আলী।

এ নির্বাচন পরিচালনার দায়িত্ব পালন করেছেন নির্বাচনী উপ-পরিষদের আহবায়ক এ্যাড.আসাদুজ্জামান মিল্টন, যুগ্ম- আহবায়ক আঃ সালাম ও জাহিদুর রহমান মুকুল।

বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প

‘সেবা নিন সুস্থ থাকুন’ এ শ্লোগানকে সামনে রেখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দিনব্যাপী সদর উপজেলার নারিকেল বাড়ীয়া জেড এ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ঘোড়শাল ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন এর সার্বিক তত্ত্বাবধানে এ ক্যাম্পের আয়োজন করে সদর হাসপাতালের আরএমও ডা: লিমন পারভেজ।

অনুষ্ঠানের শুরুতে আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন, বীরমুক্তিযোদ্ধা শাহাদৎ হোসেন, নারিকেল বাড়ীয়া জেড এ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম, ডা: লিমন পারভেজ, ইউপি সচিব প্রতাপ আদিত্য বিশ্বাস।

দিনব্যাপী ওই এলাকার ২ শতাধিক অসহায় ও দুস্থ রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন ঝিনাইদহ সদর হাসপাতালের আরএমও ডা: লিমন পারভেজসহ ১০ জন চিকিৎসক। চিকিৎসা শেষে আগত রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।

গাংনী থানায় নতুন ওসি বজলুর রহমানের যোগদান

মেহেরপুরের গাংনী থানায় অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে যোগদান করেছেন মোঃ বজলুর রহমান।

শুক্রবার সকালে তিনি এখানে যোগদান করেন। এদিন সন্ধ্যায় নতুন ওসি বজলুর রহমান গাংনী প্রেস ক্লাবের সাংবাদিকদের সাথে শুভেচ্ছা ও

মতবিনিময় করেন। নতুন ওসিকে এ সময় ফুলেল শুভেচ্ছা জানানো হয়। একই সাথে সদ্য সাবেক ওসি মোঃ ওবাইদুর রহমানকে বিদায়ী সংবর্ধনা প্রদান করেন প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ।

মতবিনিময় সভায় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন গাংনী থানার (ওসি) তদন্ত সাজেদুল ইসলাম। গাংনী প্রেস ক্লাবের সভাপতি রমজান আলীর সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাই টিভি প্রতিনিধি মাহাবুব আলম। আরটিভি ও খোলা কাগজের জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রসে ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক বিজয় টিভির জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা, মানবজমিন প্রতিনিধি আক্তারুজ্জামান, গাংনী প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, কোষাধ্যক্ষ তাহেরুল ইসলাম তপন, দৈনিক লাখো কন্ঠ ও সারা বাংলা ডট কমের জেলা প্রতিনিধি রফিকুল আলম বকুল, মেহেরপুর নিউজের গাংনী প্রতিনিধি তোফায়েল হোসেন, নিউজ বাংলা ডট কমের জেলা প্রতিনিধি সোহেল রানা বাবু, চ্যানেল এস টিভির জেলা প্রতিনিধি আব্দুল আলীম।

জানাগেছে, নতুন ওসি বজলুর রহমান বরগুনা জেলার আমতৈল উপজেলার বাসিন্দা। তিনি ১৯৯০ সালে প্রথমে সাব-ইন্সেপেক্টর হিসেবে বাংলাদেশ পুলিশে যোগদান করেন। বিভিন্ন থানায় দায়িত্ব পালন করেছেন তিনি। ঝিনাইদহের শৈলকুপা থানা থেকে বদলি হয়ে তিনি গাংনীতে যোগদান করেন। অপরদিকে ওবাইদুর রহমানকে মেহেরপুর লাইন ওয়ার হিসেবে বদলি করা হয়েছে।

বাংলাদেশ জাসদের ঝিনাইদহ জেলা কমিটি বিলুপ্ত : জাসদে যোগদান

শরীফ নুরুল আম্বিয়ার নেতৃত্বাধীন নবগঠিত রাজনৈতিক দল বাংলাদেশ জাসদ (বাজাসদ) ঝিনাইদহ জেলা কমিটি বিলুপ্ত করে ইন-শিরিনের নেতৃত্বাধীন জাতীয় সমাজ তান্ত্রিক দল (জাসদ) এ যোগদান করেছে। শুক্রবার সকাল ১১টায় জেলা জাসদের অস্থায়ী কার্যালয়ের বিশেষ সভায়

তারা যোগদান করেন।

বাজাসদের বিলুপ্ত কমিটির সভাপতি রিয়াজ উদ্দীন খান ও সাধারণ সম্পাদক আশানুর রহমানসহ কমিটির নেতা কর্মীরা জাসদের এই যোগদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাসদ ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি চন্দন চক্রবর্তী ও সাধারণ সম্পাদক শামীম আক্তার বাবু বাজাসদ বিলুপ্ত করে জাসদে যোগদানকারী নেতা কর্মীদের ফুল দিয়ে স্বাগত জানান।

এ সময় উপস্থিত নেতা কর্মীদের উদ্দেশ্যে জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তী বলেন, জাসদ নেতাদের দল না, কর্মীদের দল। কর্মীদের মতামত প্রকাশের গণতান্ত্রিক অধিকার ও চর্চা একমাত্র জাসদের আছে। জাসদে নেতাদের কর্মীদের মতামত, সিদ্ধান্ত মেনেই চলতে হয়। জাসদের কর্মীরা নেতাদের সামনাসামনি চোখে চোখ রেখে নেতাদের প্রশ্ন করতে পারে, জবাবদিহি করে, ভুল করলে সমালোচনা করতে পারে। নেতাদের তা মেনে নিয়েই দল করতে হয়। যে নেতারা কর্মীদের মতামতকে অসম্মান করে তারা নিজেরাই কর্মীদের এবং দল থেকে বিচ্ছিন্ন হয়ে আস্তাকুড়ে নিক্ষিপ্ত হয়। এটাই জাসদের সৌন্দর্য। জাসদ ছেড়ে অন্যদলে যারা যোগ দিয়েছেন তাদের উদ্দেশ্যে বলেন, যারা আত্মমর্যাদা ও সম্মান নিয়ে রাজনীতি করতে চান তারা ঘরের ছেলে হিসাবে নিজ ঘরে ফিরে আসার আহবান জানান।

বাজাসদ বিলুপ্ত করে জাসদে যোগদানকারীদের পক্ষে রিয়াজ উদ্দীন খান বলেন, যে কথা বলে বাজাসদ গঠন করা হয়েছিল বাজাসদের নেতারাই তাদের সে কথা রাখেনি উন্নত আদর্শ বা রাজনীতি নয়, ব্যক্তি স্বার্থ, ব্যক্তিগত লাভক্ষতির হিসাব নিকাশ ছাড়া তারা আর কিছুই বুঝেন না।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শামীম আক্তার বাবুর সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি আব্দুল জলিল, যুগ্ম-সম্পাদক মনিরুজ্জামান মানিক, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, দপ্তর সম্পাদক শাহানুর আলম, জাসদ নেতা এ্যাড. আসাদুজ্জামানসহ বিভিন্ন থানার নেতৃবৃন্দ।

নিরাপত্তার দাবিতে ঝিনাইদহে সাংবাদিকের সংবাদ সম্মেলন

ঝিনাইদহ থেকে প্রকাশিত ‘দুরন্ত প্রকাশ’র সম্পাদক ও ঝিনাইদহ প্রেস ক্লাবের সদস্য মিরাজ জামান রাজের উপর সন্ত্রাসী হামলায় জড়িতদের গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত স্বাপেক্ষে বিচারের আওতায় আনা এবং সে ও তার পরিবারের জানমালের নিরাপত্তার দাবীতে সংবাদ সম্মেলন করেছেন।

শুক্রবার বেলা ১১টায় ঝিনাইদহ প্রেস ক্লাব অডিটরিয়ামে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক মিরাজ জামান রাজ সাংবাদিকদের সামনে লিখিত বক্তব্য পড়ে শুনান। এতে তিনি বলেন, পারিবারিক, ব্যবসায় ও পেশাগত দ্বায়িত্ব পালনের সময় কিছু সামাজিক শত্রু সৃষ্টি হয়েছে এবং যারা বিভিন্ন সময় আমার ও আমার পরিবারের উপর হামলা মামলা করেছে এবং বেশ কয়েকবার আমার প্রাণ নাশের চেষ্টা করা হয়েছে। সর্বশেষ গত ২০নভেম্বর রাত ৯টার দিকে পেশাগত দায়িত্ব পালন শেষে আমি যখন বাড়ী ফিরছিলাম, তখন শহরের পুলিশ লাইনের সামনের রাস্তায় সন্ত্রাসীরা পূর্ব পরিকল্পনা মোতাবেক আমার উপর বর্বরচিত হামলা চালিয়ে আমাকে গুরুতর আহত করে। তারা আমাকে প্রাণনাশের উদ্দেশ্যে মাথায়, চোখে, হাতে, হাটুতে আঘাত করে পালিয়ে যায়। স্থানীয়রা আমাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। আমি সেখানে বেশ কয়েকদিন ধরে চিকিৎসা নিয়ে সুস্থ হয়েছি। এই ঘটনাকে ধামা চাপা দেওয়ার জন্য আসামীরা সুকৌশলে লোকমুখে সড়ক দুর্ঘটনা বলে প্রচারের চেষ্ঠা করছে। এ নিয়ে থানায় জিডি এবং ২৯নভেম্বর তারিখে চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা দায়ের করেছেন তিনি যার নং ঝি, পি-৩২৭/২০ এবং যা থানায় এজাহার হিসেবে রেকর্ড হয়। বর্তমানে মামলা নং ০৩ (ঝি জি আর-৪৯৪/২০)।
তিনি আরও বলেন সাংবাদিকতা ও ব্যবসায়ীক কারণে ২০১৮ সালে আমার প্রতিষ্ঠান দখল করার উদ্দেশ্যে বর্তমান জেলা পরিষদ সদস্য মুস্তাকিম মনিরের নেতৃত্বে দোকানদার মিজানুর মাটি ভরাট করতে গেলে আমি বাধা দিয় তখন তার শ্রমিক কর্মচারী দিয়ে আমাকে প্রচণ্ড মার পিট করে। ততকালীন ঝিনাইদহ আদালতে সন্ত্রাসীদের বিরুদ্ধে একটি মামলা করি যার রায় আগামী ২৮ডিসেম্বর। অনেক চাপ দেওয়ার পরেও মামলাটি তুলে নেইনি বলে সন্ত্রাসীরা আরও বেশী বেপরোয়া হয়ে উঠেছে।

লিখিত বক্তব্যে তিনি আরও বলেন থানায় এজাহার দাখিল হওয়ার পরেও পুলিশ আসামীদের গ্রেফতার না করে উল্টো আমার বাড়িতে মীমাংসা করার প্রস্তাব নিয়ে যাচ্ছে। আমি এ অবস্থায় চরম নিরাপত্তহীনতা বোধ করছি এবং আপনাদের মাধ্যমে দফাই দফাই এই সন্ত্রাসী হামলার কারণ সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে উদঘাটন করে দোষীদের গ্রেফতার পূর্বক বিচারের আওতায় আনার দাবি জানায়।

হরিণাকুণ্ডুতে ইটভাটা শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মাটি বোঝায় ট্রাক্টরের নিচে চাপা পড়ে রিপন (২৫) নামে এক ইটভাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে উপজেলার ফলসী ইউনিয়নের বোয়ালিয়া গ্রামে এনবিআরবি নামক ইটভাটায় এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায় নিহত রিপন ওই ইউনিয়নের ফলসী গ্রামের মৃত মোয়াজ্জেম হোসেনের ছেলে, সে ইটভাটায় দীর্ঘদিন ধরে শ্রমিকের কাজ করতো। শুক্রবার সকালে উপজেলার বোয়ালিয়া গ্রামে এনবিআরবি নামক ইটভাটাই মাটি বোঝায় ট্রাক্টর থেকে মাটি নামানোর সময় ট্রলির হাইড্রোলিক বিকল হয়ে গেলে শ্রমিক রিপন ওটা মেরামত করতে যায়। তখন ট্রাক্টরের বগিটি আচমকা তার মাথার উপর এসে পড়লে ঘটনাস্থলেই তিনি মৃত্যুবরণ করেন। অনেকেই ধারণা করছেন ট্রাক্টর চালকের অবহেলার কারণেই এই দুর্ঘটনা ঘটতে পারে।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা ঘটনার সত্যতা নিশ্চিত করেন এবং দুর্ঘটনায় নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে বলে জানান। দুর্ঘটনা কবলিত ট্রাক্টরটি জব্দ করে থানা হেফাজতে রাখা হয়েছে।

গাংনী উপজেলা ও পৌর ছাত্রলীগের নতুন কমিটির অনুমোদন

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় কমিটি। বৃহস্পতিবার আমিনুল ইসলাম সেন্টুকে সভাপতি ও আসিফ ইকবাল অনিককে সাধারণ সম্পাদক করে আগামী ১ বছরের জন্য কেন্দ্রীয় কমিটি এ অনুমোদন দিয়েছে।
বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষরিত চিঠি মেহেরপুর প্রতিদিনের কাছে পৌঁছিয়েছে।
একই সাথে পৌর ও ডিগ্রী কলেজ ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করে ডালিম রানাকে সভাপতি ও নাসিরুল ইসলাম মহনকে সাধারণ সম্পাদক করে পৌর কমিটি ঘোষণা করা হয়েছে। এদিকে দলীয় শৃংখলার পরিপন্থী কার্যকলাপে জড়িত থাকার অপরাধে ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, মাহমুদ হাসিব, আল মুস্তাকিম ও মানিক হোসেনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।
গাংনী উপজেলা ও পৌর ছাত্রলীগের কমিটি অনুমোদন হওয়ায় শুক্রবার সকালে আনন্দ শোভাযাত্রা করেছে ছাত্রলীগ নেতাকর্মীরা। আনন্দ শোভাযাত্রা শহরের বিভিন্ন সড়ক ঘুরে বাসস্ট্যান্ডে সংক্ষিপ্ত সমাবেশের মধ্যে দিয়ে শেষ হয়।
শোভাযাত্রায় অংশ নেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, শাহজাহান আলি, রাইহান সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রলীগ, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা ।

কালীগঞ্জে কৃষকের ধান কেটে নিয়েছে প্রতিপক্ষরা

ঝিনাইদহের কালীগঞ্জে এক কৃষকের জোর পূর্বক পঞ্চাশ বিঘা জমির ধান কেটে নিয়েছেন প্রতিপক্ষরা। ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বলিদাপাড়া গ্রামের মাঠে।
অভিযোগে জানাগেছে, কালীগঞ্জ উপজেলার বলিদাপাড়ার মৃত্য আক্কাচ আলী ছেলে চাষী আক্তারুল ইসলাম যশোর- ঝিনাইদহ মহাসড়কের পাশে ৫০ বিঘা জমিতে বিনা -৭ জাতের ধানচাষ করেছিলেন । পূর্বশত্রুতার জের ধরে কালীগঞ্জ উপজেলার বলিদাপাড়া গ্রামের মোস্তফা, সমীর আলী নেতৃত্বে জোর পূর্বক ধান কেটে সাবাড় করে ফেলা হয় । এ সময় ধান কাটতে বাধা প্রদান করায় তাদেরকে প্রাণ নাশের হুমকি দেওয়া হয় বলে অভিযোগ উঠেছে । ২০১৭ ও ২০১৮ সালে কয়েক দফায় জোর পূর্বক ধানকেটে নেয় তারা।
চাষী আক্তারুল ইসলাম বলেন, কয়েক দফায় ভয়ভীতি দেখিয়ে আমার জমির ধান, আখ ক্ষেত কেটেনিয়ে গেছে।
এ ব্যাপারে কালীগঞ্জ থানার ওসি মাহফুজার রহমান বলেন, আমার নিকট একটা লিখিত অভিযোগ এসেছে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে জমে উঠেছে গরিবের সুপার মার্কেট

মেহেরপুরে শুরু হয়েছে শীতের তীব্রতা। শীত শুরু হওয়ার সাথে সাথে শীতের পোশাক কেনারও ধুম পড়েছে পোশাক বাজারে। উচ্চবিত্তরা বড় বড় মার্কেটে ছুটলেও মধ্যবিত্ত ও নিম্নবিত্তরা ছুটছে পুরাতন পোশাকের দোকান গুলোতে।

গরীবের সুপার মার্কেট খ্যাত পৌর গরুর হাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকান গুলো ইতোমধ্যে বেশ জমে উঠেছে। সপ্তাহে দুইদিন (শুক্রবার ও মঙ্গলবার) রাস্তার দুইপাশে প্রায় ৩৫টি দোকানে বিক্রি হচ্ছে পুরাতন সব পোশাক। দিনের শুরুতে এইসব দোকান গুলো

খোলা হলেও বেচাকেনা শেষে সন্ধ্যার পর পরই এগুলো আবার বাড়ি নিয়ে যায় বিক্রেতারা। এ সকল দোকান গুলোতে নিন্ম আয়ের মানুষ থেকে শুরু করে মধ্যবিত্তরা ভিড় জমাচ্ছে।

শুক্রবার বিকালে সরজমিনে গিয়ে দেখা যায়, দেশী বিদেশী পুরোনো বাহারি সব পোশাকে সাজানো এইসব দোকান গুলো। একদাম-একদর, দেখে নিন-বেছেনিন, আগে আসলে আগে পাবেন এই ধরনের হরেক রকম স্লোগানে ক্রেতাদের আকৃষ্টি করার চেষ্টা করছে বিক্রেতারা।

৪০-৫০টাকা থেকে শুরু করে ৫০০-৬০০ টাকা পর্যন্ত বিক্রি করছে পোশাক গুলো। সোয়েটার, জ্যাকেট, কোর্ট, ব্লেজার, গেঞ্জিসহ বিভিন্ন পোশাকের দিকে ঝুঁকছে মানুষ। তবে বেশি বিক্রি হচ্ছে সোয়েটার ও জ্যাকেট।

চকশ্যাম নগর থেকে আসা হাসিব শুক্রবার গরুরহাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকানে এসেছে পোশাক কিনতে। কথা হলো তার সাথে। কয়টা পোশাক কিনলেন জানতে চাইলে, বেশ স¦◌াচ্ছন্দ্যেই উত্তর দিলেন, তিনটা কিনেছি। আগামী সপ্তাই আবার আসবো। বেশ ভালো ভালো পোশাক পাওয়া যাচ্ছে কম দামে। যেগুলো দোকান থেকে কিনলে তার দাম ডাবল হতো।
গাংনী উপজেলার রাশেদুল ইসলাম হিরক দোকান দিয়েছেন গরুর হাট এলাকায়, তিনি বলেন প্রতি বছর শীতের মৌসুমে আমি ব্যবসা করি। শীত মৌসুমে ব্যবসায় লাভ ভালো হয়। তবে এবার দাম বেশি নেওয়ায় আমাদের বিক্রি করতে হচ্ছে বেশি দামে।

অপর ব্যবসায়ী মহর আলী বলেন, ঢাকা, চট্টগ্রাম এলাকা থেকে এসব পোশাক আসে। পোশক গুলো বেশির ভাগই বিদেশী। আমরা কিনে আনি দ্বিতীয় পাটির কাছ থেকে। আমরা কুষ্টিয়া থেকে এসব পোশাক সংগ্রহ করি। প্রতি গাইটে ২-৩ হাজার টাকা লাভ হয়। আবার যদি পোশাক খুব ভালো হয়ে যায় সেক্ষেত্রে লাভের পরিমাণটাও বেশি হয়ে যায়।

এছাড়াও মেহেরপুর শহরের পৌর এলাকা থেকে শুরু করে কোর্টমোড় পর্যন্ত প্রায় ১০ জায়গায় ফুটপাতের উপর বসেছে পুরাতন পোশাকের ছোট ছোট অস্থায়ী দোকান, তাছাড়াও শহরের সজীব প্লাজা, মাফিন ফ্যাশান, শহীদ রিপন টাওয়ার, মানিক মিয়া টাওয়ার, হুদা প্লাজা, মোহাম্মদ আলী মার্কেটসহ সবকটি মার্কেটেই সকাল থেকে মধ্যরাত পর্যন্ত শীতের পোশাক কিনতে ক্রেতারা ভিড় করছেন।

আলমডাঙ্গার খাদিমপুরে পুকুরের কচুরিপানার নিচ থেকে আলমঙ্গীর গলিত লাশ উদ্ধার

আলমডাঙ্গার খাদিমপুর গ্রামের একটি পুকুরের কচুরিপানার নিচ থেকে গলিত একজনের লাশ উদ্ধার করা হয়েছে। পচেগলে যাওয়ায় লাশটি শনাক্ত করা যায়নি। তবে দুই মাস আগে নিখোঁজ হওয়া খাদিমপুর গ্রামের আলমঙ্গীর হোসেনের লাশ বলে ধারণা করছে পুলিশ।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, খাদিমপুর গ্রামের উজ্জ্বল হোসেনের পুকুরে মাছ ধরার আগে কচুরিপানা পরিস্কার করার সময় গলিত ও লাশ চোখে পড়ে। পুলিশ খরব পেয়ে লাশটি উদ্ধার করে মর্গে পাঠায়।

জানা গেছে, গত ১০ অক্টোবর খাদিমপুর গ্রামের কাতব আলীর ছেলে আলমঙ্গীর হোসেন হঠাৎ করে নিখোঁজ হন। তাকে অনেক খোঁজাখুজি করে না পেয়ে ২১ নভেম্বর তাঁর বড়ভাই জাহাঙ্গীর হোসেন আলমডাঙ্গা থানায় একটি জিডি করেন। এরপর থেকে আলমঙ্গীর হোসেনের কোন খোঁজ মেলেনি। শুক্রবার দুপুরে পুকুরের কচুরিপানার নিচে গলিত লাশ পাওয়া যাওয়ায় লাশটি আলমঙ্গীর হোসেনের বলেই ধারণা করা হচ্ছে।

জাহাঙ্গীর হোসেন অভিযোগ করে জানান, খাদিমপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে শিপন আলমঙ্গীরকে হত্যা করে গুম করে থাকতে পারে। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন, আলমঙ্গীর গরু তাজামোটা করণের ব্যবসা করতো। তার কাছে সব সময় টাকা থাকতো। আলমঙ্গীর নিখোঁজের পরদিন শিপন একটি মেয়েকে ভাগিয়ে নিয়ে যাওয়ার সময় পুলিশের হাতে ধরা পড়ে। এসময় তার কাছে নগদ ৫৬ হাজার টাকাও উদ্ধার হয়। শিপন পরিকল্পিতভাবে আলমঙ্গীরকে হত্যা করে কচুরিপানার নিচে গুম করে রাখে বলে জাহাঙ্গীরের অভিযোগ।
আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির জানান, এটা পরিকল্পিত হত্যাকান্ড। লাশের ডিএনএ টেস্ট করার পর জানা যাবে মৃত দেহটি আলমঙ্গীরের কি না। তবে পুলিশ এ বিষয়ে তদন্তের কাজ শুরু করেছে।